*Augsburg's most notable, sought after attraction is the "FUGGEREI", world's oldest social settlement named after innovative businessman, Jakob Fugger. It is a walled city within Augsburg having its own church, city walls and city gates. Fuggerei houses 200 catholic tenants who pay a symbolic 0.88 cents annually to live in the estate. It was built initially for the poor citizens. Rows of quaint yellow -houses embraced by vines still standing on the street since 1523. Gates still closes everyday at 10 PM.*





*Augustus fountain* *Fuggerei houses*

*The most famous resident of Fuggerei was the master builder "Frantz Mozart" the great grandfather of the composer Wolfgang Mozart. Our Fuggerei visit was completed by visiting apt. # 13*

*converted to Fugger Museum displaying the lifestyle of Fuggerei residents of earlier times.*

*About 35 km south of Augsburg on the Romantic Road we visited yet another picturesque*



*Landsberg*

*medieval walled city called Landsberg. Landsberg lies along the river Lech. We strolled on the cobbled streets, arched gates, town hall with several baroque facades. Landberg has a twist, Adolf Hitler was imprisoned here in cell no.7 in 1924, where he wrote his "Mein Kamf". We sat and enjoyed the beautiful sunset in Landsberg while having ice cream by the bank of the river Lech.*

*Next day, our German friend Yuergen drove us south on the Romantic Road to Pfaffenwinkel. This region of Bavaria is called "Pastor's Corner" famous for its churches, pristine meadows and landscapes. Nearly every town contains one medieval church, exemplifying Baroque and rococo style of the 17th century. One such example was the pilgrimage church "Wieskirche " in Steingaden.*



*Outside and inside of Weiskirche church*

*The church is part of UNESCO's world heritage, a rococo jewel from heaven with ornate architecture and beautiful and gorgeous fresco paintings on the ceilings. The church's location in the middle of a meadow with mountain backdrop completes the charm. All while driving south on the Romantic road we crossed the enchanting Fussen - Reutte region. This region offers spectacular mountain views of Alps and a lot of outdoor activities-skiing, mountain hiking and sailing. A lot of Germans take their wellness health vacation here. We were spellbound by beautiful vineyards, crystal clear lakes, rolling hills and lush meadows with blooming flowers until we reached the majestic Bavarian Alps. The final destination of our Romantic road trip was the famous fairy tale castle "Sclhoss Neuschwanstein" (new swanstone castle) nestled in the Alps mountain.*



*Alps on Romantic Road Neuschwanstein*

*This enchanting castle with its sprawling towers and brilliant walls looks like it was brought out of fairytale. It was built by the King Ludwig II, but remains unfinished because of king's untimely death in 1886. The word "Schloss" means castle or palace in German language, the fairytale castle in World Disney in Orlando is a replica of this castle. Many rooms in the castle bear the decorations of the opera of Richard Wagner. Neuschwantein is the epitome of neo-romantic style, overlooking the valley located only short distance from Fussen. Another historic castle located on charming landscape nearby is Hohenschwangau (castle of the high swan country) Castle built by the King Maximillian, father of the king Ludwig II. The yellow castle served as family's summer residence where King Ludwig spent his childhood.*

*Thus our Romantic Road journey concluded with spectacular view of Alps surrounding us.This wonderful scenic drive of Romantic Road with unspoiled splendor of medieval towns, castles and churches gave me a gift – a marvelous combination of nature, history and culture- a genuine holiday paradise.*

# মেঘালয়ের রাজধানী শিলং




**-রজত চন্দ**

শৈল শহর শিলং এর চমৎকার আবহাওয়া এবং প্রাকৃতিক সৌন্দর্য ১০০ বছরের বেশী কাল ধরে দেশী ও বিদেশী আগন্তকদের আকর্ষণ করেছে। বহু খ্যাতনামা ব্যক্তির সঙ্গে যোগাযোগ হয়েছে শিলং-এর। এই মনোরম শহরটির আরম্ভ ও বিকাশ সম্বন্ধে কয়েকটি কথা বলাই এ লেখার উদ্দেশ্য।

ইংরেজরা আসামে আসার আগেও খাসিয়া পাহাড় ও জয়ন্তীয়ারা রাজ্যের সঙ্গে শ্রীহট্টের (আজকের বাংলাদেশের একটি জেলা) যোগাযোগ ছিল অনেকদিনের। চুনাপাথার, কয়লা, কমলালেবু, মধু, মম, হাতিরদাঁত, এবং লোহার পরিবর্তে খাসিয়ারা ছাল, নুন, সুতিমাছ ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী কিনতো। বাংলাভাষা ও কিছুকিছু রীতিনীতি দক্ষিণ খাসিয়া ও জয়ন্তীয়া পাহাড়ের জেলা এবং জয়ন্তিপুরের অঞ্চলকে প্রভাবিত করেছিল। খাসিয়াদের সমাজ ব্যাবস্থা মাতৃতান্ত্রিক সমাজের একটি নিদর্শন। এই ব্যাবস্থায় সবচাইতে ছোটবোন সম্পত্তি পান। মেয়েরা নানা কাজে পটু, পরিশ্রমী এবং শিক্ষিত। সে তুলনায় ছেলেরা পেছনে। সামাজিক বন্ধন কিছুটা আলগা। এ নিয়ে অনেক গল্প প্রচলিত আছে।

১৮৯১ সালে এই অঞ্চলে প্রথম জরীপ চালু হয়। এর ইংরেজ বড়কর্তা লক্ষ্য করলেন যে আহরিত প্রশ্নোত্তরের অনেকেরই বাবার নাম ‘Tip se’। তাতে তিনি মন্তব্য করেন যে এই লোকটি তো ভারী ‘productive!’ তখন তিনি জানলেন যে ‘Tip se’ মানে হচ্ছে “কে জানে!”

পরে অবশ্যই অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। এই অঞ্চলের সাক্ষরতার হার কেরালার ঠিক পরেই। আক্ষরিক অবস্থাও তুলনামূলকভাবে ভালই। নানা সাংস্কৃতিক উৎসব ও অনুষ্ঠান শিলং-এ নিয়মিত হয়ে থাকে। সংগীত, নৃত্য ও অভিনয়ে শিলং এর আগ্রহ সদা জাগ্রত। এসব কলাবিদ্যার বহু কৃতিপুরুষ ও মহিলা নিয়মিত শিলংএ আসেন। ‘৫০ এর দশকে উদয়শঙ্কর ও তার দলের আসাধারণ নৃত্যকলা আজও অনেকের মনে আছে। নাটকে উৎসাহী ছিলেন অনেকেই। বিশেষভাবে মনে পরে ১৯৫৪ নাগাদ রবীন্দ্রনাথের ‘রক্তকরবী’ অভিনয়। নাটকটি লেখা হয়েছিল শিলং- এই। নন্দিনি, চন্দ্রা ও ফাগুলালের অংশ চমৎকার হয়েছিল। বিশু পাগলা হয়েছিলেন সুকন্ঠি অমল ভট্টাচার্য্য। গানে মাত করে দিয়েছিলেন। আর একবার ‘চিরকুমার সভা’ সবাইকে খুব আনন্দ দিয়েছিল।

শিলং-এর গোড়াপত্তনে যার অবদানের কথা আগে উল্লেখ করেছি সেই গোলাম হায়দার এর নাতি আওলাদ হোসেনের রসিক বুড়োর ভুমিকায় অসাধারণ অভিনয় আজও মনে পরে। নিউজার্সির মালবিকা গুহর পরিকল্পিত ও পরিচালিত অভিনব নৃত্যনাট্য ‘আফ্রিকা’, রবীন্দ্রনাথের বিখ্যাত কবিতার উপর প্রতিষ্ঠিত। সম্প্রতি এই অনুষ্ঠানটি শিলং-এর কলারসিকদের অনুপ্রাণিত করেছে।



বহুদিন আগে, ১৯২৭ সালে, শহরের সেরা মঞ্চশিল্পীরা ‘চিরকুমার সভা’ অভিনয় করেছিলেন। দীনেন্দ্রনাথ ঠাকুর মহড়ার তত্বাবধান করেছিলেন। শিলং এখন ভারতের মধ্যে একটি বিশিষ্ট শিক্ষা ও গবেষণা কেন্দ্র। এর আরম্ভ অনেকদিন আগেই হয়েছে। উদাহরণস্বরূপ ১৯৩২ থেকে ১৯৪০ এর মধ্যে বনবিভাগের উপেন্দ্রনাথ কাঞ্জিলালের আজীবন সংগ্রহ ও গবেষণার ফল “The Flora of Assam” ছয় খন্ডে প্রকাশিত। এই বইগুলো আজ ৭০ বছর

পরেও ব্যবহৃত। ইনি শিলং বোটানিকাল গার্ডেনের প্রথম কর্নধার ছিলেন। শুনেছি ওখানকার বেশীরবভাগ গাছ, ফুল, লতাপাতা, তার নিজ হাতে লালিত। মহাপন্ডিত সতীশ রায়ের গীতার উপর গবেষণা চল্লিশের দশকে ইংল্যান্ড থেকে প্রকাশিত হয়। এই সময়ে লেখা কনক লাল বড়ুয়ার "Early History of Kamrup" আরেকটি স্মরণীয় বই।



E. P.Gee ১৯২৫ নাগাদ ইংল্যান্ড থেকে ভারতে আসেন সৈন্যবাহিনীতে কাজ নিয়ে। তিনি ছিলেন ভারতের পশু পাখীদের উপর বিশেষজ্ঞ। তার ১৯৬৪ এ প্রকাশিত "The Wild Life of India" র ভূমিকা লিখেছিলেন জওহরলাল নেহেরু। বইটি চমৎকার। বিশেষতঃ নিজের হাতে তোলা বহু রঙ্গিন ছবি দেখবার মত। আসাম ও ভুটানের সীমান্তের গভীর জঙ্গলে তিনি এক অজানা প্রজাতি "Golden Langur" আবিষ্কার করেন ষাটের দশকে। ভারতের বিভিন্ন বন্যজৈবনিক পার্ক প্রতিষ্ঠায় তার অবদান অনেক। ছেলেবেলায় কয়েকবার তার বাড়ী গিয়ে নানা চমকপ্রদ গল্প শুনার অভিজ্ঞতা আজও মনে আছে।

খ্যতনামা নৃতাত্বিক ভেরিয়ার এলউইন নিয়মিত শিলং-এ আসতেন। তিনি ভারতের উপজাতিদের সঙ্গে মিশে তাদের রীতিনীতি রক্ষার কাজে জীবন কাটিয়েছেন। আমার মাধ্যমিক স্কুলে পড়ার সময় ২২ বছরের অমল মিত্র কলেজ পাস করে শিলং-এ আসেন। তিনি ছিলেন আমাদের পাহাড়ে, জঙ্গলে, বেড়ানোর, গল্প বলার ও লেখার, সহজ আনন্দে ভরপুর হয়ে উঠার,গান ও নাটকের এবং নানা ধরনের বইপড়ার ব্যাপারে উৎসাহ ও উদ্দীপনার উৎস। মাত্র বছর তিনেক ছিলেন তিনি শিলং-এ, তারপর অন্যত্র চলে যান। যোগাযোগ বিছিন্ন হয়ে 'গেলেম কে কোথায়'। কিন্তু তার প্রেরণা ও জীবনকে ভালবাসার জীবন্ত উদাহরণ ভোলা যায়নি। প্রায় অর্ধশতাব্দি পরে সম্প্রতি তার সঙ্গে ফোনে অনেক কথাবার্তার মাধ্যমে আবার যেন ফিরে পেলাম সেই সময়টা 'যখন তরুন ছিল অরুন আলোয় পথটি ছিল কুসুমাকীর্ন। দেখলাম জীবনের বহু ঘাত-প্রতিঘাতেও তার শিশুসুলভ সরলতা অটুট রয়েছে। দেশের নানা জায়গা থেকে এবং বিদেশ থেকেও নানা সময়ে বহু বিশিষ্ট মানুষ শিলং-এ এসেছেন। কয়েকজনের কথা উল্লেখ করা যেতে পারে। ১৮৯৮ সালে দেশনেতা, বিখ্যত বাগ্মী ও লেখক বিপিন পাল শিলং-এ আসেন। ১৯০১ সালের এপ্রিলে স্বামী বিবেকানন্দ যখন শিলং-এ এলেন তখন তিনি বেশ অসুস্থ। সে সময়ে আসামের প্রধান কমিশনার ছিলেন স্যার হেনরী কটন। তিনি ছিলেন বিদ্বান, শিক্ষাবিদ ও ভারতপ্রেমিক। তার উদ্দেশ্যেই গোহাটির কটন কলেজ প্রতিষ্টিত হয়। আমার দাদা মহাশয় মহেন্দ্র গুপ্তের "শিলং এন্ড ইট'স নেইবারহুড" শিলং এর প্রথম পর্যায়ের ইতিহাস।

এখানে প্রায় বিস্মৃত অতুলভূষন সরকারের সম্বন্ধে কয়েকটি কথা বলা প্রয়োজন। ইনি সুকুমার রায় ও প্রশান্ত মহালনবীশের সমবয়সী এবং কলকাতার একই পাড়ার মানুষ। ১৯ বছ্র বয়সে এফএ পাশ করে শিলং-এ আসেন ১৯০৫ সালে। কনট্রলার অফিসের এর কনিষ্ঠ কেরানী ছিলেন । দরাজ গলায় সুন্দর গান গাইতেন। তিক্ষ মেধা, স্মৃতিশক্তি এবং সরকারী পাঠাগারের বইরাশীর সাহায্যে নিজের চেস্টায় নানা বিষয়ে আসাধারন পান্ডিত্য অর্জন করেছিলেন। সাহিত্য, ইতিহাস, এডভেঞ্চার--বিশেষ করে দক্ষিণ মেরুর অভিযানগুলি, বিক্তান এবং অঙ্কের নানা বিষয়ে সানন্দে ও অনায়াসে গল্প বলতেন।

জ্যোতির্বিদ্যায় তাঁর ছিল বিশেষ উৎসাহ। শিলং-এ শীতকালের ঝকঝকে পরিষ্কার রাতের আকাশের গ্রহ নক্ষত্রগুলি এবং ছায়াপথের লেপে দেওয়া আলো ছিল অতুল বাবুর অতি পরিচিত। তার টেলিস্কোপ তো দুরের কথা কোন বাইনোকুলারও ছিল না। স্টার চার্টের সঙ্গে চিরপরিচিতদের মিলিয়ে আনন্দ পেতেন।একদিন তিনি একটি উজ্বল তারা দেখলেন, যার ওখানে থাকার কথা নয়।পর পর দুদিন এই অজানা আগুন্তককে দেখে নিশ্চিন্ত হলেন যে, তিনি একটি

'নোভা' বা নতুন তারা আবিস্কার করেছেন। দৃষ্টির অগোচরে কোন কোন ক্ষীনতম নক্ষত্র মৃত্যুর আগে প্রচন্ড বিস্ফোরণের মধ্য দিয়ে জীবন শেষ করে। জ্যোতির্বিদরা অত্যন্ত আগ্রহের সঙ্গে এদের বিশ্লেষন করেন পরবর্তী প্রজন্মের তারাদের মাল-মশলা এই স্টার ডাস্টের এর মধ্যেই তৈরী হয়। অতুল বাবু জানতেন যে ধুমকেতু বা নতুন তারা অনেক সময়েই তাঁর মত সৌখিন জ্যোতির্বিদরাই আবিস্কার করেন। এই খবর Greenwich Observatory-তে টেলিগ্রাফ করলে নোভা বা ধুমকেতুটাকে আবিস্কারকের নাম দেওয়া হয় । টেলিগ্রাফ অফিসে গিয়ে জানলেন যে খবরটা পাঠাতে ১৭৮ টাকা লাগবে। বহুদিন আগের কথা। এটা তাঁর সাধ্যের অতীত ছিল। কয়েকদিন পর কাগজে দেখলেন অস্ট্রেলিয়া থেকে একজন নোভাটি আবিস্কার করেছেন। হেসে হেসে আমাদের এই গল্প বলছিলেন। তখন এই ট্রেজেডীর গভীরতা বুঝতে পারিনি। দারিদ্রের দংশন শুধু মানুষের নিত্য প্রয়োজনীয় উপকরণকেই দুস্প্রাপ্য করেনা, মানুষের আশা, আকাঙ্খা ও সহজ আনন্দকেও দুর্লভ করে তোলে। অতুল বাবু কোথাও কোন উৎসাহ বা স্বীকৃতি পাননি। নিজের বাড়ীতেও না। ঠিক পঞ্চাশ বছর শিলং-এ থেকে তিনি কলকাতায় ফিরে যান এবং অল্প দিন পরেই মারা যান। তাঁর কাছে আমি চির কৃতজ্ঞ। কিন্তু তা সোজাসুজি তাকে জানাবার সুযোগ হয়নি।

আমাদের দিদিমা জ্যোতির্ময়ী গুপ্তর কাব্য ও সাহিত্য প্রতিভা ছিল অনস্বীকার্য। না লিখে তিনি থাকতে পারতেন না। তাঁর কবিতাগুলি ছিল উঁচু মাপের। তাঁর "প্রবাসিনী" নামে আত্মজীবনীমূলক উপন্যাস, বহু গল্প ও প্রবন্ধ লোক চক্ষুর অন্তরালে রয়ে গেছে। তিনি লাবানের 'রাম মহন মহিলা লাইব্রেরী'র এবং প্রতি বুধবার সেখানের আলোচনা চক্রের প্রাণস্বরূপ ছিলেন। তাঁর মুখে মুখে বানানো গল্প ও ছড়া এবং বিদেশী রূপকথার বাংলা অনুবাদ শোনা আমাদের বাল্যস্মৃতির সম্পদ। জে কে জেরোমের "থ্রী ম্যান ইন এ বোট" বই এর গল্প শুনে আমরা হেসে গড়িয়ে পড়তাম। এই সেদিন কলেজ স্ট্রীটের পুরোনো বই এর দোকানে বইটি পেয়ে মনে হল সেই হাসি গল্পের দিনগুলিকে বুঝি ফিরে পাওয়া যাবে।



অনেকেই হয়তো জানেন না যে শ্রী অরবিন্দের স্ত্রী মৃনালিনী দেবী শিলং-এর মেয়ে। তাঁর বাবা ভূপাল বসু ছিলেন আসামের কৃষি বিভাগের ডেপুটি ডিরেক্টর। আলু চাষের নতুন পদ্ধতির প্রচলন করে ভূপাল বসু খ্যাতিলাভ করেন শ্রী অরবিন্দের বিয়ে হয়েছিল ১৯০১ সালে। কিন্তু মৃনালিনীর স্বামীর সঙ্গে থাকার সুযোগ হয়েছিল অল্পই।১৯১৫ সালে অরবিন্দ পন্দিচেরি চলে যাবার পর আর তাঁদের দেখাই হয় নি। ১৯১৮ সালে অরবিন্দ তাঁকে পন্দিচেরি আসার অনুমতি দেন। কিন্তু বিশ্ব ব্যাপী 'ফ্লু প্যান্ডেমিক' এ এই সময়ে মাত্র ৩১ বছর বয়সে তাঁর মৃত্যু হয়।

১৯৭২ সালে মেঘালয় আসাম থেকে আলাদা হয়ে যায়। শিলং মেঘালয়ের রাজধানী। সম্প্রতি রাস্তাঘাট বেড়েছে কিন্তু গাড়ীর সংখ্যা বেড়েছে অনেক বেশী। এর ফলে কিছু দুর্গম দর্শনীয় স্থান, যেমন নোকালিবাই জলপ্রপাত এর সৌন্দর্য্য সহজলভ্য হয়েছে। কিন্তু যানজট যত্র তত্র। ভারত ইতিহাসের সুদীর্ঘ্য সময় রেখায় ১৪৩ বছর বেশি সময় নয়। ইংরেজ আমলের মধ্যভাগে যেসব পাহাড়ী স্টেশন তৈরী হয়েছিল তাদের মধ্যে শিলং নবীন দের মধ্যেই পড়ে। আজ জনসংখ্যা হয়তো আড়াই লক্ষের কাছাকাছি। কিন্তু এই ছোট শহরের প্রভাব অল্প নয়। আমরা, যারা এই শহরে বড় হয়েছি, কবি জসিমুদ্দীনের সঙ্গে গলা মিলিয়ে প্রশ্ন করতে পারিঃ

"গাছের ছায়ায় বনের লতায়
মোর শিশুকাল লুকায়েছে হায়
আজিকে সেসব সরায়ে সরায়ে
খুঁজিয়া লইব তায়
যাবি তুই ভাই, যাবি মোর সাথে
আমাদের ছোট গাঁয়?"

# প্রবাসে দুর্গোৎসব

- বিরূপাক্ষ পাল



চৌদ্দ বছর আগে যখন বিদেশের পানে যাত্রা করেছিলাম, তখন ভাবিনি প্রবাস জীবনেও দুর্গাপূজায় শরীক হতে পারবো । বিদেশে আমাদের জীবন কেমন হবে তা একটি কাল্পনিক ছবিতে আঁকা ছিল । ভেবেছিলাম নেহায়েত স্যুট-টাই পরে দু'বেলা বেড়াতে বের হব । প্রতিবেশী মেম ও সাহেবেরা কথায় কথায় করমর্দন করবে, এবং তাদেরকে দিনে বার আষ্টেক ধন্যবাদ দেব । রোববার গীর্জার ঘন্টাধ্বনিতে আধ্যাত্মিক ভাব জেগে উঠবে এবং একমাত্র যীশুখ্রীষ্টের আশীর্বাদেই যার যার মাঙ্গলিক কর্মাদি সম্পন্ন হবে । কিন্তু সিডনি পৌঁছেই সে ধারনা পালটে গেল ।

যাবার একমাসের মধ্যেই দুটো দুর্গাপূজার খবর পেলাম । দুটো কেন ? একটিই ছিল । ঝগড়া করে দু'ভাগ হয়ে গেছে | দেশে থাকতে জানতাম ঝগড়াঝাটি হলে পূজা বন্ধ হয়ে যায়। কবি ভারতচন্দ্র সেরকম ইঙ্গিতই দিয়েছেন। গ্রামের বাড়ীর শরীকের পূজায় ঝগড়া হলেই মন খারাপ হয়ে যেত । বিদেশে এসে দেখলাম - যত ঝগড়া তত বিস্তার । দেশে যে কোন সাংগঠনিক কলহ আমাকে বিচলিত করতো । সিডনি এসে পূজার সাংগঠনিক কলহ আমাকে আনন্দিত করেছে । কারন এতে পূজার সংখ্যা বাড়ে এবং পুরো আশ্বিন মাস জুড়েই প্রতি সপ্তাহান্তে পূজার নিমন্ত্রণ খাওয়া যায় ।

সিডনিতে ছাত্রত্বের অজুহাতে কোন সমিতির সভ্য হইনি । এর দুটো সুবিধা । সব সমিতি থেকেই নিমন্ত্রণ পেতাম, এবং কোথাও চাঁদা দিতে হতো না । চাঁদামুক্ত অতিথি হতে আমার বড় ভাল লাগে । সকাল থেকে সপরিবারে পূজার আঙ্গিনায় গিয়ে হাজির হতাম । লোকে ভাবতো, পরম ভক্ত। আমার লক্ষ্য থাকতো - যে কোনো ধরনের ভোজন যেন ছুটে না যায় । আয়োজকেরা বারবার প্রসাদ নিয়ে এলেও আমি 'না' করতাম না । বলতাম, "প্রসাদ ফিরিয়ে দিলে তার আবমাননা হয় ।" সাদা পাঞ্জাবি গায়ে দিয়ে বৈষ্ণবের মত বলতাম, "দিন, দিয়ে যান !" ক্রমাগত নাড়ু , খিচুড়ি আর পায়েস খেয়ে চোখে একটা ঢুলু ঢুলু ভাব আসতো । যেন বাংলাদেশ বিতারিত পরমহংস ।

সিডনিতে দিন ভালই কাটছিল । আবার ছাত্র হবার প্রয়োজনে অস্ট্রেলিয়া ছেড়ে যুক্তরাষ্ট্রে পাড়ি জমানো । বিরান বিংহামটনে পূজা পার্বন তো দূরের কথা, বাঙালিই খুঁজে পাওয়া যায় না । আমি নাহয় ছাত্র হয়ে পাঠাগারে সময় কাটাতে পারি, কিন্তু গিন্নি ও সন্তানদের কিছুটা সামাজিকতা দরকার । তা না হলে ওরা যে পাগল হয়ে যাবে । হাঁটি হাঁটি পা পা করে এদিক সেদিক পরিচয় হল । বাঙালিও পাওয়া গেল । আর বাঙালি পাওয়া গেলে বাঙালির উৎসব পাওয়া যাবে না - এমনটি কখনো হয় না । পূজা, নববর্ষ, ঈদ - সবই পাওয়া গেল ।

দেশে দুর্গাপূজা বাঙালি হিন্দুর সবচেয়ে বড় উৎসব । প্রবাসেও তাই । কর্মসূত্রে

কোর্টল্যান্ড চলে এলেও আমরা বিংহামটনের পঞ্চাশ মাইল বৃত্তের মধ্যেই রয়ে গেলাম। পঞ্চাশ মিনিট দূরত্ব - এ আর তেমন কি। তাই সামাজিক সম্পর্ক গুলোও আগের মতই রয়ে গেল। শুধু পরিবর্তন এলো দুটো ব্যাপারেঃ এক, আমি আর আগের মত গায়ে হাওয়া দিয়ে বেড়াতে পারলাম না। আমাকে দেয়া হলো নির্দিষ্ট কিছু কাজ। দুই, আমার উপর চাঁদা ধার্য্য করা হলো। আগের মত একটা 'অতিথি' ভাব নিয়ে আর থাকতে পারলাম না। ক্রমান্বয়ে আমাকে সংকলনের দায়িত্ব দেয়া হয়েছে।

কিন্ত পুজোর প্রস্তুতি সভায় সংকলন বিষয়ক কথাবার্তা এলেই আমি কিছুটা অস্বস্তি বোধ করি। তার চেয়ে ভোজন বিষয়ক আলোচনা, যা প্রবাসী পূজাগুলোতে ব্যাপক স্থান দখল করে - আমাকে বেশী স্বাচ্ছন্দ্য দিয়ে থাকে। যেমন, খাশীর মাংশ কতখানি আনা হবে, খুব একটা প্রাপ্ত বয়স্ক খাশী আনা ঠিক হবে না। 'বেবী গৌট' অথবা কিছুটা কৈশোরে পদার্পনকারী খাশী উপাদেয় হবে - ইত্যাদি আলোচনা আমাকে বেশ পুলকিত করে। স্বদেশে কোনো পূজার ইতিহাসে এ জাতীয় আলোচনা হয় কিনা আমার জানা নেই। তাতে কি। খাশী না খেলে শক্তি হবে কি করে? শুধু লাবড়া আর খিচুড়ি খেয়ে কি আর শক্তির আরাধনা সম্ভব?

শুনতে পাচ্ছি, যে রেস্টুরেণ্ট থেকে আমাদের জন্য পূজার খাওয়া আনা হবে সেটি নাকি একটি বিশেষ কারনে বিখ্যাত। অভিনেত্রী রানী মুখার্জী নিউইয়র্ক এলে সেই দোকান থেকে তার খাবার গ্রহণ করেন। কী সৌভাগ্য আমাদের! এখন সেই রেস্টুরেন্টের খাবার খেয়ে প্রবাসী বাঙালি বধুরা যদি রূপে এবং গুনে রানী মুখার্জীকে ছাড়িয়ে যায় তাহলে তো আমাদের বিপদ ! কেন বিপদ ? তা আমি আগামী সংখ্যায় ব্যাখ্যা করবো।

দেশে প্রতিটি লগ্ন ঠিকভাবে অনুসরণ করাই যথার্থ পূজার লক্ষণ। এখানে ভক্তরা লগ্ন বানিয়ে নেয়। কোথায় থাকে পাঁজি ! সন্ধি পূজার লগ্ন নিয়ে আপোসহীন বাঙালী কোনো সন্ধি করে না। যখন সুবিধে তখন বসিয়ে নেয়। দেশে থাকতে খ্রীস্টানের বাড়ীতে খাওয়া নিষেধ। এখানে প্রভু যীশুর আশ্রয়ে গীর্জাই হয়ে ওঠে ক্ষনকালীন মন্দির। বাঙালি হিন্দুর মাতৃভক্তি দেখে হয়তো যীশুমাতারও আনন্দ হয়। অধিবাস ও বোধনের প্রথম রাতে ঢাকী আসতো, কূলবধুরা তাকে বরণ করতো। এখন শঙ্খ, ঘন্টা, ঢাক, ঝাঁঝর - সবই ঢুকানো থাকে বিষ্ণুচক্রের মত একখানা 'সিডি'তে। কে তাকে বরন করে ! প্রবাসে অধিকাংশ যজ্ঞই হয় মন্দিরের বাইরে। অগ্নিতে ঘৃতাহুতির কর্মটি ঘরের ভেতর করতে গেলে ভাড়া করা গীর্জার কোথায় আগুন লেগে যায় কে জানে। পাছে পুলিশ আর অগ্নিনির্বাপক কর্মীরা অসুরের মত এসে যজ্ঞ পন্ড করে দেয়।

দেশে থাকতে উপোস না থাকলে অঞ্জলি দেয়ায় বারণ ছিল। এখানে যারা যত বেশী ভোজন করে আসে তারাই ঠেলে ঠুলে তত বেশী অঞ্জলির জন্য সামনে গিয়ে দাঁড়ায়। ওরাই তো শক্তিরূপেন সংস্থিতা। দেশে থাকতে দেখতাম, বোধনের কলাবতী বউ দেখে সলজ্জ গাঁয়ের বধুরা ঘোমটা দিতো। প্রবাসে গত চৌদ্দ বছরে কোনো বধুকে ঘোমটা দিতে দেখিনি। তার মানে এই নয় যে আমি নারীদের দিকে তাকিয়ে থাকি। স্বাভাবিক খেয়ালে চোখে পড়েনি - এই আর কি। চোখটা তো আর বন্ধ রাখতে পারিনা !

প্রবাসে দুর্গোৎসব দেখে আমার মনে হয়েছে যে প্রকৃত ভক্তরা বাইরে প্রকাশিত হয় না। তার হৃদয়ের অন্তঃসলিলা ফল্গুধারায় ভক্তি প্রবাহিত হয়। বাঙালির দুর্গাপূজা প্রবাসে পরিবর্তিত হয় - নানা রূপে - নানা বর্ণে - নানা গন্ধে। প্রথম প্রজন্ম দেশান্তরী মূলতঃ স্মৃতির বেদনা ভুলে থাকার জন্য প্রবাসে আনন্দময়ীর উৎসব করে থাকে। ধর্মের গন্ডি ডিঙিয়ে তা হয়ে ওঠে সেক্যুলার দুর্গাপূজা - এক মিলনের মহোৎসব।। ❁

# At the Crossroads

*Cassiopeia Roychowdhury*

Nadira stamped about under the dim street lamp, muttering to herself about the cold weather and wondering how the bus could be so late this early in the morning. She sighed heavily and sat on the edge of the curb. Her heart told her that she was doing the right thing. Her mind was having second thoughts. Here was not the place for her to be, yet getting to where she wanted to go would take her away from everything familiar, everything she took comfort in. Still, the ticket was bought and secured snugly in her satchel. Her heart was firmly set in its plan, and her mind knew it would simply have to follow. She *was* going on this journey. She would just have to gather her courage and keep calm until all the questions sorted themselves into answers.



As the huge grey bus finally pulled around the corner, Nadira suddenly felt the unwelcome tingling of uncertainty. Seeing the bus and knowing she was supposed to board it made the whole endeavor seem much more real to her. This was the defining moment, the moment that would allow no turning back.



Most of the money Nadira had saved since graduating from college was used to purchase the bus ticket. Handing over that slip of paper meant no refund and no money to buy a ticket back to the city. Keeping the ticket and going home meant never discovering her true nature. The bus pulled to a stop and Nadira ultimately decided that going on this journey would be the best way to find answers. Without another thought she stepped onto the platform, handed over the ticket, and headed toward the middle of the bus to find a seat.

Her heart raced as the moment she just experienced firmly settled in. Her legs fidgeted as unavoidable thoughts of “Are we there yet?” swirled through her head. She alternately checked her wristwatch and looked out the tinted window at regular intervals. Now that the voyage had started, the end was inevitable but nowhere near the present. There was nothing for Nadira to do now but wait for the bus to reach the stop where she would descend the steel steps and face the unknown. She had given up a potentially successful, yet predictable, life in the city to fulfill this dream. She had prepared herself to accept any information or perils she might encounter along the way. Her mind was set and her soul was calm as she sat back against the lumpy seat cushion and for the first time, contented herself with the thought that everything would be okay. Nadira knew she would find her life, her place, and her purpose.



বাক্সময়

আদর তুলো .. শিউলি গুঁড়ো ...
শরত রঙের লাগলো আগুন .. ওই আবার !
আমার পরবাসের কাশে ...
আগুন রঙা বিষাদ শীতল .. অন্ধকার ...

অন্ধকারে হাতড়ে দেখো
বাক্স ভরা কথার ফুল ,
জমিয়ে রাখা টুকরো কাগজ ,
বাসের টিকিট , কানের দুল ...

শব্দ-কথায় জমছে দেখো -
জমছে দেখো শ্যাওলা দল ,
বৃক্ষ হয়ে বাড়ছে তারা -
বাক্স জুড়ে বনাঞ্চল !

বাক্স ভরা অন্ধকারে
জমাট কথার সমন্বয় -
আবার তাকেই খুঁজছো তুমি ...
কলকাতাকেই - বাক্সময় ...

-- গঙ্গোত্রী সরকার

কিছু অমূল্য কথা

# কিছু অমূল্য কথা

সুফিয়া খান (পুতুল)

এই যে আমাদের জাতি-ইহা তো একই জাতি, কিন্তু মানুষ নিজদিগের কার্য্যকলাপে পরস্পরের মধ্যে ভেদ সৃষ্টি করিয়াছে। মানুষের বিভিন্ন বর্ণ, পাহাড়ের মধ্যে আছে বিচিত্র বর্ণের পথ - শুভ্র, লাল ও নিকষ কাল। একইভাবে রংবেরং-এর মানুষ ও জন্তু রহিয়াছে। সৎকাজ ব্যাতীত বংশ মর্যাদার কোন মূল্য নাই । ঝগড়া, ফ্যাসাদ – হত্যার চেয়েও জঘন্য, ঝগড়া ফ্যাসাদ সৃষ্টি করিও না ।

অবশ্যই আল্লাহ দুষ্কৃতিকারীদের কার্য সংশোধন করিবেন না। অতএব আল্লাহর অনুগ্রহের কথা স্মরণ কর এবং পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করিয়া বেড়াইওনা। দুনিয়ার শান্তি স্থাপনের পর উহাতে বিপর্যয় ঘটাইও না । আল্লাহকে ভয় ও আশার সহিত ডাকিবে । তোমরা নিজদিগের মধ্যে শান্তি ও সদ্ভাব বজায় রাখিও । কারণ অশান্তি ও ঝগড়া তোমাদিগের ধর্মকে বিনষ্ট করিবে।

যে ব্যক্তি কোন লোকের সহিত তাহার সম্পর্ক মাত্র তিন দিনের বেশী পরিত্যাগ এবং সেই অবস্থায়ই প্রান ত্যাগ করে, সে ব্যক্তি সরাসরি নরকে প্রবেশ করিবে। যাহারা দুনিয়ায় অশান্তি সৃষ্টি করিয়া বেড়ায় তাহারাই ক্ষতিগ্রস্থ হয়, তাহাদের প্রার্থনা কবুল হয় না।

উত্তম কাজের জন্য উত্তম পুরষ্কার ব্যতীত কি হইতে পারে? তিনিই হাসান, তিনিই কাঁদান, তিনিই মারেন, তিনিই বাঁচান।

# জ্যোতিষী

## প্রভাত কুমার হাজরা

কলকাতায় যোধপুর পার্কে নাম করা চৌধুরী পরিবারের বাড়ি। এখন বাড়ি পুরনো হয়ে গেছে। এক সময় বাড়ির ভেতরে বড় বাগান ছিল। মার্বেল পাথরের মূর্তি, জলের ফোয়ারা ছিল। এখন ও সব নেই। এক সময় চৌধুরী বাড়িতে বারো মাসে তেরো পার্বন হত। সে সব দিন এখন আর নেই। কিন্তু এখনও বাড়ির পূজা মন্ডপে প্রতিদিন ধূমধাম করে গৃহ দেবতার পূজা হয়। নিষ্ঠার সঙ্গে পূজা করেন রমেন্দ্রনাথ শাস্ত্রী। বংশপরম্পরায় শাস্ত্রী পরিবার চৌধুরী পরিবারের পুরোহিত ও জ্যোতিষী।

বর্তমানে জয়ন্ত চৌধুরী ওঁদের পরিবারের একমাত্র বংশধর। ওঁর স্ত্রী রাজলক্ষ্মী দেবী। আর মেয়ে হীরন্ময়ী। পূর্ব পুরুষদের আর্থিক আয় জমিদারী থেকে আসত। এখন জমিদারী নেই। ওখান থেকে যে আয় আসত তা বন্ধ হয়ে গেছে অনেক দিন আগে। সময়ের পরিবর্তন হয়েছে। তার সঙ্গে আর্থিক অবস্থারও পরিবর্তন হয়েছে। দু'টির সঙ্গেই জয়ন্তবাবু নিজেকে মানিয়ে নিয়েছেন। কিন্তু বংশের পুরনো রীতি নীতি একেবারে ত্যাগ করতে পারেননি।

মেয়ের বিয়ে দেবার জন্যে জয়ন্তবাবু পাত্র দেখছিলেন। এখন দু'একটি ভাল পাত্রের সন্ধান পেয়েছেন। তার মধ্যে একজন ' ইন্ডিয়ান এডমিনস্ট্রেটিভ সার্ভিস ' পরীক্ষা পাশ করে সবে কাজে যোগ দিয়েছে। পাত্র বনেদী বাড়ির ছেলে। নাম চঞ্চল সমাদ্দার। বাড়ি কলকাতাতেই। বিয়ের কথা বেশী দূর এগোবার আগে জয়ন্তবাবু বংশের নিয়মানুযায়ী জ্যোতিষী রমেন্দ্রনাথকে চঞ্চল আর হীরন্ময়ীর কুষ্ঠি দেখালেন। রমেন্দ্রনাথ কুষ্ঠি বিচার করে খুব গম্ভীর হয়ে রইলেন। তারপর বললেন চঞ্চলের হাতে হীরন্ময়ীর মৃত্যু হতে পারে। রমেন্দ্রনাথের মুখে আশংকার ছায়া। এ বিয়েতে যে ওঁর মত নেই তা বলাই বাহুল্য।

পূর্বপুরুষদের মত জ্যোতিষ শাস্ত্রের উপর জয়ন্তবাবুর তেমন আস্থা নেই। তবু উনি জ্যোতিষীর গণনা অগ্রাহ্য করার সাহস পেলেননা। যতই হোক হীরন্ময়ী ওঁর এক মাত্র সন্তান। চঞ্চল সমাদ্দারে সঙ্গে মেয়ের বিয়ের কথা জয়ন্তবাবু ঐ খানেই শেষ করে দিলেন।

--- ২ ---

জয়ন্তবাবু এবার একটি ভাল পাত্রের সঙ্গে মেয়ের বিয়ে ঠিক করে ফেললেন। পাত্রের নাম কুমারকান্তি রায়। বংশ মর্যাদায় এবং অন্য দিক থেকেও রায় পরিবার চৌধুরী পরিবারের সমান। শুধু একটি অসুবিধে যে পাত্রপক্ষ সুদূর রাজস্থানে জয়পুরে থাকে। তা হোক। আর সব দিক থেকেই তো ভাল।

একটি ভাল দিনে, ভাল লগ্নে হীরন্মীয়ীর সঙ্গে কুমারকান্তির বিয়ে হয়ে গেল। বিয়ের পরের দিন বাবা মা আর আত্মীয় স্বজনকে চোখের জলে ভাসিয়ে দিয়ে হীরন্ময়ী শ্বশুর বাড়ি চলে গেল।

শ্বশুরবাড়িতে হীরন্ময়ী দেখল বর্তমানে কলকাতার বাঙালি পরিবারের দৈনন্দিন জীবন যাত্রার মাপ কাঠিতে জয়পুর এখনো পেছিয়ে আছে। হীরন্ময়ীর শ্বশুর বাড়ির চারদিকে আম জাম কাঁঠালের বাগান। হীরন্ময়ীর শ্বশুর জগৎমোহনবাবু নিজে হাতে আম গাছের কলম লাগিয়েছেন। তা ছাড়া অনেক আনাজ পত্র বাগানে চাষ হয়। বাড়িতে গরু আছে। প্রতিদিন সকালে ঝুড়ি ভর্তি বাগানের ফসল, বালতিতে দুধ এই সব বাড়ির ভেতরে আনা হয়। জিনিসগুলি সংসারের প্রয়োজন মত রেখে, বাকী বিলিয়ে দেওয়া হয়। হীরন্ময়ীর শাশুড়ী এসব নিজে দেখাশোনা করতেন। এখন হীরন্ময়ী শিখে নিচ্ছে।

নতুন পরিবেশে, ওর নতুন জীবন নিয়ে হীরন্ময়ী মেতে উঠল।

বিয়ের পরে প্রায় এক বছর কেটে গেছে। কিন্তু হীরন্ময়ী একবারও বাপের বাড়িতে আসতে পারেনি। প্রথম প্রথম প্রতি সপ্তাহে ও মাকে চিঠি লিখত। এখন তা মাসে একটি হয়ে দাঁড়িয়েছে। কিন্তু ও যখন চিঠি লেখে তখন সব কথা জানিয়ে খুব বড় করে চিঠি লেখে। লেখে ওর শ্বশুর বাড়ির খুঁটি নাটি সব খবর। লেখে ওর শ্বশুর শাশুড়ি আর স্বামী ছাড়া আর কেউ বাংলা বলে না। বাকী সকলে হিন্দি বলে। ও নিজে এখন হিন্দি শিখছে। ওর শ্বশুর প্রতি দিন সকালে এক ঘন্টা পুজো করেন। আর শাশুড়ি সব কাজই পাঁজি পুঁথি দেখে করেন। শনিবার বাড়িতে সবাই নিরামিষ খায়। এখন ও শাশুড়ির কাছে নতুন রান্না শিখছে। পৈত্রিক সম্পত্তি এখনও যা আছে তা জয়পুর থেকে অনেক দূরে। কুমারকান্তি যখন সেখানে তদারক করতে যায় তখন তিন চার দিন বাড়ি ফিরতে পারেনা। বাড়িতে কাজ করার জন্যে নয়না বলে যে মেয়েটি আসে তার একটি ছোট ছেলে হয়েছে। ছেলেকে সঙ্গে নিয়ে কাজে আসে নয়না। ছেলেটি হামা দিয়ে ঘুরে বেড়ায় আর কি সুন্দর হাসে।

রাজলক্ষী বসে বসে মেয়ের চিঠি পড়েন। বুঝতে পারেন মেয়ে ভাল আছে। সুখে আছে। তবু মেয়েকে দেখতে ওঁর ভীষণ ইচ্ছে করে। মাঝে মাঝে ভাবেন মেয়ের বিয়ে অত দূরে না দিলেই হত। জ্যোতিষীর কথায় কান না দিয়ে চঞ্চল সমাদ্দারের সঙ্গে বিয়ে দিলেই ভাল হত।

--- ৪ ---

বড় বড় শহরে এবং তার ধারে পাশে একদিকে সন্ত্রাসবাদীরা দিন দিন মাথা তুলে উঠছে। আবার অন্যদিকে বংশপরম্পরায় যারা ডাকাতি করে তারা ভারতবর্ষের সব রাজ্যে ছড়িয়ে পড়েছে। অনেক ক্ষেত্রে ডাকাতদের ধরা যায়না। আর যারা ধরা পড়ে যথেষ্ট প্রমাণের অভাবে তারা খালাস পায়। এ সবের জন্যে পুলিশ কর্তৃপক্ষ সাধারণ লোকের কাছে অপদস্থ বোধ করে। ডাকাতদের গ্রেপ্তার এবং সাজা দেবার জন্য পুলিশ এখন অন্য পথ নিয়েছে।

জয়পুরের পুলিশ বিভাগ গোপনে খবর পেয়েছে যে মধ্যপ্রদেশের একদল কুখ্যাত ডাকাত জয়পুরের ধারে পাশে লুকিয়ে আছে। জয়পুরে জগৎমোহন রায় ধনী। টাকা কড়ি আর পুরনো আমলের রায় গৃহিণীদের গহনা ইত্যাদি বাড়ির সিন্দুকে থাকে। পুলিশ আন্দাজ করল ডাকতদল জগৎমোহন বাবুর বাড়ি লক্ষ্য করতে পারে।

পুলিশ যা আশংকা করেছিল তাই ঠিক। কবে এবং কখন ডাকাতদল জগৎমোহনের বাড়িতে হানা দেবে পুলিশ এখন নিশ্চিত ভাবে পেয়ে গেছে। অকুস্থলে ডাকাতদের হাতে নাতে ধরতে হবে। সেই জন্যে পুলিশ জগৎমোহনকে আগে থেকে সাবধান করে দিলো না। গৃহস্বামীকে সাবধান করে দিলে পুলিশের পরিকল্পনা বানচাল হয়ে যেতে পারে। এই উদ্দেশ্য নিয়ে পুলিশদল ঠিক সময় জগৎমোহনের বাড়ির ধারে পাশে লুকিয়ে রইল।

ডাকাতদল সে দিন জগৎমোহনের বাড়িতে হানা দিয়েছিল। এবং পুলিশ তাদের গ্রেপ্তার করতে সক্ষম হয়েছিল।

-- ৫ ---

ডাকাতির খবর পরের দিন খবর কাগজে বেরিয়েছে। কাগজের খবর হচ্ছে---"জয়পুরের পুলিশ বাহিনী সাধারণ পোশাকে জগৎমোহনের বাড়ির ধারে পাশে আগে থেকে লুকিয়ে ছিল। ডাকাতরা গৃহস্বামীর বাড়িতে প্রবেশ করা মাত্রই পুলিশ ডাকাতদের আক্রমণ করেছিল। ডাকাতদের হাতে আগ্নেয়াস্ত্র ছিল না। সশস্ত্র পুলিশ দেখে ডাকাতদল সহজেই আত্মসমর্পণ করেছিল। কিন্তু ইতিমধ্যে একজন ডাকাত গৃহস্বামীর পুত্রবধূ হীরন্ময়ীর গলায় ছুরি বসিয়ে গহনা ছাড়িয়ে নেবার চেষ্টা করছিল। হীরন্ময়ীর জীবন বিপন্ন হয়েছে দেখে পুলিশ দুর্বৃত্তকে দু'বার গুলি করতে বাধ্য হয়েছিল। প্রথম গুলি দুর্বৃত্তকে আঘাত করতে পারেনি। কিন্তু দ্বিতীয় গুলিতে দুর্বৃত্ত আহত হয়েছিল। তখন সে হীরন্ময়ীকে ছেড়ে দিয়েছিল। কিন্তু দুঃখের বিষয় প্রথম গুলি সোজা হীরন্ময়ীর বুকে লেগেছিল। হীরন্ময়ী তখনই সজ্ঞাহীন অবস্থায় মাটিতে পড়ে গেছল। অল্প সময়ের মধ্যেই ওকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছিল। কিন্তু হাসপাতালে পৌঁছবার আগেই ওর মৃত্যু হয়েছিল।

যে অফিসার দু'বার গুলি ছুঁড়েছিলেন তিনিই ছিলেন সেদিন পুলিশ বাহিনীর প্রধান। উনি ইন্ডিয়ান পুলিশ সার্ভিস থেকে সম্প্রতি জয়পুর পুলিশ বিভাগে যোগ দিয়েছেন। উনি কলকাতার বাসিন্দা। ওঁর নাম শ্রী চঞ্চল সমাদ্দার।

# যুক্তি তর্কের বাইরে

## খনা দেব

বাড়িতে ঢুকেই দরজাটা কোনও রকমে বন্ধ করে মণিদীপা যেন হাঁপ ছেড়ে বাঁচলেন। এখনো বুকটা ধুকপুক করছে। কপালে বিন্দু বিন্দু ঘাম। কিছুক্ষণ আগে যে ঘটনাটা ঘটে গেল মণিদীপা কিছুতেই তার কোন অর্থ খুঁজে পাচ্ছেন না। পায়ের চটি জোড়া খুলে রেখে প্রথমেই বাড়ির সব ক'টা লাইট জ্বালিয়ে তারপর রিফ্রেজারেটার থেকে এক গ্লাস জল নিয়ে ফেমিলিরুমের সোফাতে বসলেন। গলা শুকিয়ে কাঠ হয়ে গিয়েছিল। কোনদিন যা অনুভব করেন নি, আজ প্রথম এত বড় বাড়িতে তার গা ছমছম করতে লাগলো। চারদিকের সব লাইট জ্বালানো সত্ত্বেও মণিদীপার যেন ভয় কাটছিলনা।

তমাল দু'সপ্তাহের জন্য অফিসের কাজে ডেনভার গিয়েছে। ছেলেমেয়েরা যে যার জীবন নিয়ে ব্যস্ত। গত ছ'সাত বছর ধরে মণিদীপাকে প্রায়ই মাঝেমাঝে এরকম একা থাকতে হয়। প্রথম দিকে খুবই অস্বস্তি হ'তো, আস্তে আস্তে সয়ে এসেছে। এখন কিন্তু তমাল বাইরে গেলে একা একা বেশ ভালোই লাগে। তমালকে অবশ্য এ কথা বলা চলবেনা। রাগে, অভিমানে হয়তো বলে বসবে 'তা'হলে আমি ডেনভার অফিসে চলে যাই, তুমি তোমার চাকরী আর বন্ধুদের নিয়ে মনের সুখে এখানেই থাক।'
আসলে মণিদীপার ও যে খুব বেশী দিন একা থাকতে ভাল লাগবে তা' নয়। অল্প কিছুদিনের জন্য এই স্বাধীন জীবনের স্বাদটাই যেন আলাদা। নিজের ইচ্ছে মতো খাওয়া দাওয়া, কাজের পর সহকর্মীদের নিয়ে রেস্টুরেন্টে খেতে গিয়ে বেশ দেরী করে বাড়ি ফেরা, অথবা সন্ধ্যেবেলা টিভিতে নিজের মনের মতো অনুষ্ঠান দেখা। তমালের সাথে টিভি দেখা মানেইতো খেলা, ভ্রমণ অথবা ইতিহাসের চ্যানেল। যদিও মণিদীপার এসবে উৎসাহ আছে, তবে মাঝেমাঝে সারাদিন খাটাখাটুনির পর দু'জনে মিলে হাল্কা রোম্যান্টিক শো গুলো দেখতে ইচ্ছে করে, তমালের ভাষায় যা হ'চ্ছে অখাদ্য আর সময়ের অপচয়। তা'ছাড়া মণিদীপার আরেকটা ভালবাসার জিনিষ আছে, সেটা হ'চ্ছে ছবি আঁকা। ছবি আঁকতে বসলে মণিদীপার আর অন্যদিকে খেয়াল থাকেনা। একা বাড়িতে থাকলে মণিদীপা প্রাণ ভরে ছবি আঁকতে পারেন।

আজ কিন্তু মনে হ'চ্ছে তমাল কাছে থাকলে বেঁচে যেতেন। অবশ্য তমাল থাকলে তো ঘটনাটা ঘটতোই না। তমাল কক্ষনো মাঝরাতে ফরেষ্ট প্রিসারবের পাশ দিয়ে বাড়ি ফিরতো না। ইনটারস্টেট দিয়ে আসলে এরকম ঘটনার সন্মুখীন হওয়ার কোন সম্ভাবনাই ছিলনা। মণিদীপার মনেও যে ভেতরের রাস্তা নেবার ব্যাপারে দ্বিধা জাগেনি তা' নয়। জয়ার বাড়িতে নেমন্তন্ন খেয়ে বেরোতে বেরোতে প্রায় বারোটা বেজে গিয়েছিল। একা একা নেমন্তন্ন খেতে যাবার মোটেও ইচ্ছে ছিলনা মণিদীপার। কিন্তু জয়া এমন কাকুতি মিনতি সুরু করেছিল যে শেষপর্য্যন্ত যেতেই হ'লো। গান পাগলা জয়া শুধু নেমন্তন্নই করেনি, গানবজনার আসরেরও ব্যবস্থা করেছিল। মণিদীপার গান শুনতে ও গান গাইতে খুব ভাল লাগে, গানের আসর বসবে শুনে বেশ উৎসুক চিত্তে বেলাবেলি জয়ার বাড়ি পৌঁছে গিয়েছিলেন। জমাটি গানের আসরের পর, খাবার টেবিলে বসে আড্ডাটা যখন বেশ জমে উঠেছে, তখন হঠাৎ হাত ঘড়িতে নজর পড়াতে মণিদীপা চমকে উঠেছিলেন, প্রায় বারোটা বাজতে চলেছে, তাড়াতাড়ি বিদায় পর্ব্ব সেরে ওখান থেকে বেরিয়ে পড়েছিলেন।

বাড়ির ভেতর থেকে বুঝতে পারেননি, বাইরে বেশ মেঘ করে এসেছে আর ঘনঘন বিদ্যুৎ চমকাচ্ছে। গাড়িতে বসে একটু খানি ভেবে মণিদীপা ঠিক করেছিলেন ইন্টারস্টেট নেবেননা। মেরামতের নাম করে রাস্তার যা চেহারা করে রেখেছে, ভাবতেই ভয় করছিল। রাতের বেলা আবার পুরোদমে কাজ সুরু হয়, বেরিকেডের মাঝেমাঝে সরু রাস্তা দিয়ে যাবার সময় মণিদীপার খুব নারভাস লাগে, যদি আবার ধাক্কাটাক্কা লাগিয়ে দেন। এসব সাতপাঁচ ভেবে ভেতরের রাস্তা নেওয়াটাই সমিচীন মনে হয়েছিল। রাতের বেলা ফাঁকা রাস্তা দিয়ে বাড়ি পৌঁছোতে বেশীক্ষন লাগবেনা। আস্তে করে একটা রবীন্দ্রসঙ্গীতের সিডি চালিয়ে বাড়ির উদ্দেশ্যে যখন রওনা হ'য়েছিলেন, মনের মধ্যে ওনার কোন দ্বিধা ছিলনা।

খানিকটা পথ চলার পর বেশ জাঁকিয়ে বৃষ্টি নামলো। মণিদীপা তখন ফরেষ্ট প্রিসারবের কাছাকাছি পৌঁছে গিয়েছেন। মাঝেমাঝে চারদিক আলো করে বিদ্যুৎ চমকাচ্ছে, সেই আলোতে আশেপাশের গাছ ছাড়া আর কিছু চোখে পড়ছেনা। এত রাতে একটাও গাড়ি নেই রাস্তায়। হঠাৎ মণিদীপার গা ছমছম করতে লাগলো। যদি হঠাৎ গাড়ি খারাপ হয়, এই অন্ধকারে কি করবেন তিনি? সঙ্গে সেল ফোনটারই যা ভরসা। আজেবাজে চিন্তা জোর করে মন থেকে সরিয়ে দিতে চাইলেন, নিজেকে এত ভীতু ভেবে লজ্জাই

হলো। ভাবলেন কি আর হবে? একটু বাদেই তো লোকালয় এসে যাবে, এই রাস্তায় কত আসা যাওয়া করেন তিনি। হঠাৎ বহুদিন আগেকার একটা ঘটনা মনে পড়ে গেল। ছোটবেলায় মণিদীপার খুব ভুত দেখার সখ ছিল। ওনাদের ছোট্ট শহরে পাহাড়ের কোলে গাছপালা ঘেরা একটা ছোট্ট সেমেটারি ছিল। ফুলের বাগান ও সুন্দর করে ছেটে রাখা ঘাসের মাঝেমাঝে পাথরের ফলকে মৃতদের নাম লেখা ছিল। সবাই বলতো রাত্তিরে নাকি ওখানে ভুত ঘুরে বাড়ায়। মণিদীপার মনে হ'তো একটিবার যদি ভুত দেখতে পেতেন। একদিন রাতে অনেক বুঝিয়ে শুঝিয়ে এক বন্ধুকে নিয়ে গিয়েছিলেন ভুত দেখতে। কিন্তু তার বীরপুরুষ বন্ধুটি হাওয়াতে গাছের পাতা নড়ার শব্দকে ভুত ভেবে চোঁ চাঁ দৌড় দিয়েছিল আর পেছন ফিরে চিৎকার করে বলছিল 'দীপা এক্ষুনি চলে আয়, তা' নাহলে বড়ি গিয়ে বলে দেব।' বকুনি খাবার ভয়ে মণিদীপাকে সে দিন বাড়ি ফিরে আসতে হ'য়েছিল ভুত দেখা আর হয়নি। পুরানো দিনের কথা ভাবতে ভাবতে একটু অন্যমনস্ক হয়ে পড়েছিলেন বোধহয়, সামনে হঠাৎ মনে হ'লো একজোড়া আলোর বিন্দু দেখা যাচ্ছে। নীরন্ধ্র অন্ধকারে সে অলোর বিন্দু ক্রমশ বড় হতে হতে তার দিকে এগিয়ে আসছে, বুঝতে পারলেন আলো দু'টো গাড়ির হেডলাইট। মণিদীপা তাড়াতাড়ি পাশ কাটাতে চেষ্টা করলেন, কিন্তু কিছু করার আগেই গাড়িটা তার একদম নাকের ডগায় চলে এলো। গতি কমাবার কোন চেষ্টাই করলনা, যেন মণিদীপাকে ধাক্কা দেওয়াটাই তার উদ্দেশ্য। আসন্ন মৃত্যুর আশঙ্কায় মণিদীপার চোখ দুটো বন্ধ হয়ে এসেছিল। এক নিমেষে চোখের সামনে যেন তার পুরো জীবনের ছবিটা ভেসে উঠেছিল। তমাল ও ছেলেমেয়েদের আর দেখবেননা, যাবার আগে ওদের কাছে বিদায় নেওয়া ও হলোনা। ভয়ে মণিদীপার চোখ বন্ধ হ'য়ে গিয়েছিল। কিছুক্ষণ চুপ করে বসে থাকার পর মনে হ'লো কোনরকম সংঘর্ষ অনুভব করলেন না তো, মণিদীপা ভয়ে ভয়ে চোখ খুলে দেখলেন ব্রেকে পা দিয়ে অবিক্ষত অবস্থায় মাঝ রাস্তায় বসে আছেন। আশেপাশে অন্য কোন গাড়ির চিহ্নমাত্র নেই। ঘামে সারা শরীর ভিজে গিয়েছে, হাত পা থরথর করে কাঁপছে। গাড়ির স্টিয়ারিঙে হাত রেখে কিংকর্তব্য বিমূঢ় হয়ে কতক্ষণ যে বসে ছিলেন জানেননা, হঠাৎ রিয়ার ভিউ মিরারে চোখ পড়তে দেখলেন, একজোড়া টেইল লাইট জলন্ত কয়লার মতো আস্তে আস্তে অন্ধকারে মিলিয়ে যাচ্ছে। এই ঘটনার পরে মণিদীপা যে কি করে বাড়ি ফিরেছেন নিজেই জানেন না।

নিজের বাড়ির পরিচিত পরিবেশে বসে চেষ্টা করলেন ঘটনাটা যুক্তি দিয়ে বিচার করবার। কিন্তু ভেবে কোন কুলকিনারা পাচ্ছেন না। বিজ্ঞানের ছাত্রী মণিদীপার মনে হলো, নিজের কাছে যেন নিজেই হেরে যাচ্ছেন। নিজে গাড়ি চালিয়ে গিয়েছিলেন বলে, জয়ার বর সুমিতের অনুরোধ সত্বে ও এক গ্লাস ওয়াইন পর্য্যন্ত খান নি। কাজেই মতিভ্রম হবার কোন প্রশ্নই ওঠেনা। হঠাৎ ফোনের আওয়াজে চিন্তায় ব্যঘাত ঘটলো

ফোন তুলে আন্য প্রান্ত থেকে তমালের গলার স্বর পেয়ে যেন ধড়ে প্রাণ এলো,

'কখন ফিরলে জয়া দের বাড়ি থেকে? আগে একবার ফোন করেছিলাম, ম্যাসেজটা পেয়েছিলে তো?'

মণিদীপার খেয়ালই হয়নি ম্যাসেজ দেখার, কিন্তু সে কথা না বলে, বলে উঠলেন, 'এইতো একটু আগে ফিরেছি, ভাবছিলাম এক্ষুনি ফোন করবো তোমায়।'

'এত রাত করে ফিরলে, কোন অসুবিধে হয়নি তো?' তমালের গলায় দুশ্চিন্তার ছোঁয়া,

'না, না, আসুবিধে কেন হবে, এতো চেনা রাস্তা।' তমালকে ফোনে আসল কথাটা মোটেই বলা চলবেনা। বিশ্বাস তো করবেইনা, উল্টে বকাঝকা সুরু করবে, যদিও মিথ্যে কথা বলতে মণিদীপার বুক কাঁপছিল।

'জয়ার বাড়িতে নিশ্চয়ই ভালো সময় কেটেছে? আমাকে মিস করনি তো?'

'বেশ গান বাজনা হলো, জয়া, তাপস, রাকা, শোভন সবাই গান গাইল। তোমার কথা সবাই জিগ্যেস করছিল।'

'তুমি বেশ মজা করে বেড়াচ্ছ আর আমাকে একা একা হোটেলে বসে টিভি দেখতে হচ্ছে।'

'হিংসে হচ্ছে বুঝি? আর তো মাত্র কটা দিন দেখতে দেখতে কেটে যাবে।' মণিদীপা মনে মনে ভাবছিলেন ইস তমাল যদি বাড়ি থাকতো, তাহ'লে একাএকা শুতে হতোনা আজ। দুচারটে মামুলি কথার পর তমাল যথারীতি মণিদীপাকে সাবধানে থাকতে বলে ফোন রেখে দিল।

রাত প্রায় তিনটে বাজে। জামা কাপড় পাল্টে শোবার জন্য প্রস্তুত হ'লেন মণিদীপা। বিছানায় শুয়ে নাইট স্ট্যান্ডের লাইটটা নেভাতে গিয়েও নেভালেন না। মনে হচ্ছিল লাইট নেভালেই গাড়ির হেডলাইট দুটো গোগ্রাসে গিলতে আসবে তাকে। রাতের আর যেটুকু অবশিষ্ট ছিল, এলোমেলো চিন্তা করে কেটে গেল, ঘুম ধারে কাছেও এলোনা।

সারা রাত বৃষ্টির পর সকাল বেলা বেশ ঝকঝকে রদ্দুর দেখে মণিদীপা অনেকটা সুস্থ বোধ করলেন। হাত মুখ ধুয়ে এক পেয়ালা চা নিয়ে কিচেন টেবিলে বসে দেখলেন শনিবারের খবরের কাগজটা কাল খুলেও দেখেননি, টেবিলের একপাশে এখনো নীল প্লাস্টিকের ব্যাগে অছ্যুৎ অবাস্থায় পড়ে রয়েছে। কাল সকাল থেকে যা ব্যস্ততায় দিন কেটেছে, সকালে গাড়ির অয়েল পাল্টানো, ব্যাঙ্কে যাওয়া, জয়ার জন্য গিফট কেনা, উইক এন্ডের শতেক কাজ। কাগজ পড়ার কথা মনেও ছিলনা। চায়ের কাপে চুমুক দিতে দিতে হাত বাড়িয়ে কাগজটা খুল্লেন। ইরাক, আফগানিস্তানের যুদ্ধ, অর্থনৈতিক দুঃসংবাদ ইত্যাদি খবর পড়ার পর খেলার পাতায় একবার চোখ বুলিয়ে নিলেন। যদিও স্থানীয় কোন দলই এখন বিশেষ সুবিধে করতে পারছেনা। পাতা ওল্টাতে ওল্টাতে একটা জায়গায় এসে মণিদীপার চোখ আটকে গেল। ডান দিকের এক কোনে একটা দুর্ঘটনার খবর। শুক্রবার মধ্যরাতে এক মাতাল ড্রাইভারের ভ্যান একটা গাছে ধাক্কা লেগে পুরো চেপ্টে গিয়েছে, ড্রাইভার ওখানেই মারা গেছে। দুমড়ে মুচড়ে যাওয়া গাড়িটার একটা ছবিও বেরিয়েছে। বারবার খবরটা পড়েও নিজের চোখকে যেন বিশ্বাস করতে পারছেন না। দুর্ঘটনাটা যেখানে ঘটেছে, কাল মধ্যরাতে মণিদীপা ঠিক সেই জায়গাতেই অবিশ্বাস্য ঘটনাটির সন্মুখীন হয়েছিলেন। দু তিনবার খবরটা পড়ার পর মণিদীপা স্তব্ধ হয়ে বসে রইলেন, চোখের সামনে ভেসে উঠলো গাড়ির জ্বলন্ত দুটো হেডলাইট!

# The Language of the Universe

*Nisarga Paul*

For as long as humans have existed, they have explored the world and universe, striving to understand how it works. For centuries, people believed that the world was flat, until scientists calculated that it wasn't. Astronomers, including Copernicus and Galileo, discovered that the earth rotated around the sun, not vice versa. Humans have built pyramids in the B.C.'s, catapults in the Medieval Ages, and rockets, nuclear weapons, and computers in the modern day. It is clear that humans have come far from primitive hunter-gatherers. We have not only evolved, but have evolved the world with us. Our general accomplishments can be attributed to our understanding the universe's most powerful language: mathematics

Math is much more than the boring class many students dread. Math can be found everywhere- and is potent enough to prove, disprove, and even discover many different things. It is a tool that can be used to explore the universe. For example, the Egyptians must have used math to build the pyramids; the base, height, and other measurements are strictly proportional. In the medieval ages, a catapult was using lever technology- and therefore, the attacker had to calculate the weight needed to hurl a fireball over an enemy's walls. Nuclear bombs, a modern technology, were invented after extensive mathematical research on the properties of uranium. Without humans' ability to harness the power of math, hardly any of the things humans invented, discovered, or created would exist.

Mathematics has always been evident everywhere on earth. You might agree that nature is beautiful. In fact, most humans think so. This is because of the number phi, a mathematical ratio also known as the Golden Section. This number, approximately 1.618, occurs everywhere in nature. This ratio is that 1.618 is to one as one is to 0.618. This ratio is somehow programmed in us to be aesthetically pleasing. It is in flower petal arrangements and sunflower seed spirals. It is in the branches of trees and the population of



animals. Our bodies have golden ratios as well. Our height divided by the length of our heads- to – fingertips is phi. A golden spiral, inscribed in a rectangle with 'golden' proportions as shown in this page, is recurrent in nature. On animals, it is used both as a dangerous weapon, and as an

attractant to mates. For example, ram horns perfectly replicate the curvature of the golden spiral. Its ‘perfect’ graceful curve attracts mates. The curve is also found on predatory animals’ teeth, and even a parrot’s beak. In fact, scientists have found that parrots and animals with ‘irregular’ curves in their teeth, beaks, or horns, due to mutation of any sort, are less likely to survive. Phi is an example of the way math is interwoven in all of existence.



It is intriguing where mathematics has brought the world and everything on it. It has been taught ever since civilization began. Awestruck at the brilliance of mathematics, humankind’s predecessors created cults to worship the present day school subject. They coined the saying that *God made the integers*. An ancient European cult that included Pythagorus would study and worship mathematics, secretly avoiding persecution by the Church. They were credited with finding many theorems and concepts (such as the irrational number) and pronounced a death sentence on any member of the cult that leaked their ‘holy findings’. It is clear that mathematics has played an imperative role in shaping the human race. Our capability to employ mathematics is what has made us the ‘supreme species’. Only humans have landed on the moon. Only humans have the ability to communicate from two other sides of the globe. Only humans have invented weapons volatile enough to wipe out vast stretches of land. Ancient cults may have been right when believing that mathematics were the heavens gift to the earth. Math is the fire that enlightened all of humanity. It has brought us incredibly far in the millions of years it has been known to us, and in the years to come, it will continue bringing us all to new heights.

[Cortland, NY, 9.3.2010]




Anubhab Das


শরৎকাল
(Autumn)
Devashree Paul
10th grade



Roshni

**Durga Puja: 22 Ashwin 1417: 9 October 2010**

**9:30 AM: Amantran, Adhibash and Sashthi Puja**
**10:00 AM: Saptami Puja**
**10:45 AM: Ashtami Puja, Sandhi Puja & Deep Puja**
**12:00 PM: Pushpanjali**
**12:30 PM: Prasad & Lunch**
**1:30 PM: Navami Puja & Yagna**
**2:20 PM: Dashami Puja and Bisharjan**
**2:50 PM: Pushpanjali**
**03:10 - 03:30 PM: Sindoor Utsab and Bijoya**
**03:30 - 04:00 PM: Break**
**04:00 - 06.00 PM: Local Cultural Program**
**06.00- 06.30: Aarti**
**06:30 - 07:30 PM: Dinner**
**8:00 - 10:00 PM: Invited Artist: *Swagata Chakraborty*.**



Bishmoy